

তাপ প্রবাহে প্রাণিসম্পদ ব্যবস্থাপনায় করণীয়



আবহাওয়া অবদিক্তরের পূর্বাভাস মোতাবেক দেশে আগামী এক সপ্তাহব্যাপী চলমান মৃদু (৩৬°-৩৮°সে.) থেকে মাঝারি (৩৮°-৪০°সে.) কিংবা কোথাও কোথাও তীব্র (৪০°-৪২°সে.) তাপ প্রবাহ চলমান থাকতে পারে। এমতাবস্থায়, তাপ প্রবাহজনিত পীড়ন (স্ট্রেস) সহনীয় করতে গবাদি প্রাণী/পোষিত্তি খামারীগণ নিম্নলিখিত ব্যবস্থাপনা অনুসরণ করতে পারেন।

- ১. গবাদি প্রাণী/পোষিত্তির ঘর শীতল রাখার ব্যবস্থা করতে হবে। এজন্য শেডের চালে ভেজা চট/বস্তা/কাপড় বিড়িয়ে দেয়া যেতে পারে এবং সময়ে সময়ে তাতে পানি ভিড়িয়ে ভিজিয়ে দিতে হবে। ঘরের ভিতরেও ভেজা চট/বস্তা/কাপড় ঝুলিয়ে রাখলে তা ঘরের ভিতরের তাপমাত্রা কমাতে সাহায্য করবে। ঘরের ভিতরে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা করতে হবে, প্রয়োজনে ক্যান ব্যবহার করতে হবে।
- ২. গবাদি প্রাণীকে দিনে একাধিকবার গোসল করানো/পাইপের সাহায্যে পানি ভিড়িয়ে ভিজিয়ে দিতে হবে।
- ৩. গবাদিপ্রাণী/পোষিত্তিকে পর্যাপ্ত পানি সরবরাহ করুন। পানির সাথে উপযুক্ত পরিমাণে লবণ/ভিটামিন সি/ইলেক্ট্রোলাইট/গ্লুকোজ ইত্যাদি মিশিয়ে দেয়া যেতে পারে।
- ৪. সকাল ১০ টা থেকে বিকাল ৩টা পর্যন্ত সময়ে আবহাওয়া খারাপ বা খোলা মাঠে গবাদি প্রাণী না রেখে ঘাছের/প্রাকৃতিক ছায়ায় স্থানে রাখুন।
- ৫. গবাদি প্রাণীকে খড় বা অতি পরিপক্ব শাক আশযুক্ত খাবার সরবরাহ পরিহার করে নরম কচি ঘাস সরবরাহ করতে হবে। ইজমের সময় তাপ বৃদ্ধি কমাতে দুগ্ধজাত গরুকে কম আশ এবং উচ্চ শক্তি সম্পন্ন খাবার সরবরাহ করলে তা হিট স্ট্রেস কমাতে কার্যকরী ভূমিকা পালন করে।
- ৬. দিনের অতিরিক্ত গরমের সময়ে খাদ্য সরবরাহ কমিয়ে, শীতল সময়ে বাড়িয়ে দিন।
- ৭. সম্ভব হলে মিনারেল মিশ্রণের ত্রুট সরবরাহ করুন।
- ৮. প্রচণ্ড গরমে পারতপক্ষে কুর্মনাশক ব্যবহার বা টিকা প্রদান কিংবা গবাদি প্রাণী পরিবহন পরিহার করুন। দিনের অপেক্ষাকৃত শীতল সময়ে এ কাজগুলো করা যেতে পারে।
- ৯. জরুরি পরিস্থিতি মোকাবেলায় স্থানীয় প্রাণিসম্পদ দপ্তরের সাথে সার্বকথিক যোগাযোগ রাখুন।



বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

